Total No. of Printed Pages—4

**4 SEM FYUGP BNLC 4B**

**2025**

( June )

# BENGALI

( Core )

Paper : BNLC 4B

( দিনলিপি ও জীবনকথা )

*Full Marks* : 60

*Time* : 2 hours

*The figures in the margin indicate full marks for the questions*

## প্রথম একক

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=২

(ক) কোনো অন্য ব্যক্তির জীবনকথা অবলম্বনে লেখা প্রবন্ধকে কী বলে?

(খ) কড়চা কাকে বলে?

(গ) প্রথম ভারতীয় মহিলা যিনি প্রথম আত্মজীবনী লিখেছিলেন তাঁর নাম কী?

২। সংক্ষেপে উত্তর দাও (যে কোনো একটি) : ৩

(ক) দিনলিপির সংজ্ঞা ও পদ্ধতি সম্পর্কে সংক্ষেপে আলোচনা কর।

(খ) যে কোনো তিনটি আত্মজীবনীর নাম উল্লেখ কর।

৩। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) আত্মজীবনী কাকে বলে? আত্মজীবনীর বৈশিষ্ট্য উল্লেখ করে জীবনী ও আত্মজীবনীর পার্থক্য আলোচনা কর।

(খ) দিনলিপির সাহিত্যিক মূল্যায়ন আলোচনা করে জীবনীর সঙ্গে তার পার্থক্য নির্দেশ কর।

## দ্বিতীয় একক

৪। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=২

(ক) 'আমার জীবন' গ্রন্থটির প্রকাশকাল কত?

(খ) 'আমার জীবন' গ্রন্থের গ্রন্থ-পরিচিতি অংশটি কে লিখেছেন?

(গ) কোন্ গ্রামে রাসসুন্দরীর শ্বশুরালয় অবস্থিত ছিল?

৫। সংক্ষেপে উত্তর দাও (যে কোনো একটি) : ৩

(ক) বাল্যকালে রাসসুন্দরী কীরূপ শৈক্ষিক পরিবেশ লাভ করেছিলেন?

(খ) দয়ামাধব কে, রাসসুন্দরী দেবীর জীবনে তিনি কীরূপ প্রভাব বিস্তার করেছিলেন?





৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) 'আমার জীবন' অবলম্বনে ঊনবিংশ শতাব্দীর প্রথমার্ধ জুড়ে নারীর অবস্থান প্রসঙ্গ তুলে ধর।

(খ) আত্মজীবনী গ্রন্থরূপে 'আমার জীবন' গ্রন্থটির সার্থকতা আলোচনা কর।

## তৃতীয় একক

৭। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=২

(ক) কত সালে রবীন্দ্রনাথের 'ছেলেবেলা' প্রকাশিত হয়?

(খ) মুকুন্দরাম কে?

(গ) ''সমস্ত রামায়ণের পাঁচালি ছিল সুরসমেত তার মুখস্থ।'' এখানে কার কথা বলা হয়েছে?

৮। সংক্ষেপে উত্তর দাও (যে কোনো একটি) ৩

(ক) আবদুল কে ছিল? সে রবির দাদাকে কী কী এনে দিত?

(খ) 'ছেলেবেলা' (আত্মজীবনী) থেকে ঠাকুরবাড়ির অন্দরমহলের সাহিত্যচর্চার একটি সম্যক ধারণা তুলে ধর।

৯। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) রবীন্দ্রনাথের ছেলেবেলার স্মৃতি থেকে গানের পাঠশালার অভিজ্ঞতা বর্ণনা কর।

(খ) রবীন্দ্রনাথের 'ছেলেবেলা' অবলম্বনে কবির কিশোর-কালের কয়েকটি অভিজ্ঞতার বর্ণনা দাও।

## চতুর্থ একক

১০। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=২

(ক) সত্যজিৎ রায়ের 'স্মৃতিকথা' প্রথম কোন্ পত্রিকায় প্রকাশিত হয়?

(খ) প্রয়াগ কে ছিল?

(গ) ''ক্যামেরার কাজ যে শিখে নিয়েছিল বেশ পাকা ভাবে...''– এখানে কার কথা বলা হয়েছে?

১১। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো একটি) : ৩

(ক) ''আমাদের ছেলেবেলায় এমন অনেক কিছু ছিল যা এখন আর নেই।'' সত্যজিৎ রায়ের স্মৃতিকথায় উল্লিখিত এমন তিনটি জিনিসের নাম লেখ।

(খ) 'যখন ছোট ছিলাম' গ্রন্থ অবলম্বনে সত্যজিৎ রায়ের পৈতৃক বাড়ির অবস্থান কালে শৈশবের স্মৃতিটুকু তুলে ধর।

১২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) 'যখন ছোট ছিলাম' গ্রন্থ অনুসরণে সত্যজিৎ রায় ছেলেবেলায় যে সমস্ত বিশিষ্ট ব্যক্তিত্বের সান্নিধ্যে এসেছিলেন তাঁদের পরিচয় দাও।

(খ) সত্যজিৎ রায়ের 'যখন ছোট ছিলাম' গ্রন্থটি জীবনী সাহিত্য হিসেবে কতখানি সার্থক, আলোচনা কর।

★★★

Total No. of Printed Pages—5

**4 SEM FYUGP BNLC4C**

**2025**

( June )

BENGALI

( Core )

Paper : BNLC4C

( রবীন্দ্রসাহিত্য )

*Full Marks* : 60

*Time* : 2 hours

*The figures in the margin indicate full marks for the questions*

**প্রথম একক**

**( রবীন্দ্রনাথের কবিতা )**

১। একবাক্যে উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=২

(ক) ‘শা-জাহান’ কবিতাটি ‘সবুজপত্র’ পত্রিকায় কী নামে প্রকাশিত হয়েছিল ?

(খ) “ঢেউ খেয়েছি, ডুব দিয়েছি, ঘট ভরেছি, নিয়েছি বিদায়।” কোন্ কবিতার অংশ ?

(গ) ‘সোনার তরী’ কবিতাটি কবি কোথায় বসে লিখেছিলেন ?

২। সংক্ষেপে উত্তর দাও (যে কোনো একটি) : ৩

(ক) 'সাধারণ মেয়ে' কবিতার মেয়েটি সাধারণ হয়েও অসাধারণ—এ বিষয়ে তোমার অভিমত লেখো।

(খ) 'ভারততীর্থ' কবিতার মূল সুর কী? কবিতায় 'মহামানবের সাগরতীরে' বলতে কবি কী বুঝিয়েছেন? ১+২=৩

৩। উত্তর দাও (যে কোনো একটি) : ১০

(ক) ''সোনার তরী' কবিতাটি চিত্ররস-প্রধান। পদ্মাতীরের অতি পুরাতন একটি ঘটনার অপূর্ব শব্দ-সঙ্গতি ও ছন্দো-মাহাত্ম্যে আশ্চর্য চিত্রসম্পদ দান করা হইয়াছে। ইহা প্রধানত একটি নিখুঁত চিত্র।'' এই চিত্র-সৌন্দর্য নিজের ভাষায় ব্যক্ত করে কবিতাটিকে রূপক কবিতা বলা যায় কিনা, আলোচনা করো।

(খ) 'এবার ফিরাও মোরে' কবিতায় সৌন্দর্য-রসিক কবির বাস্তব জীবন-সাহচর্যের রহস্য উদ্‌ঘাটন করো।

## দ্বিতীয় একক

### ( রবীন্দ্রনাথের উপন্যাস )

৪। একবাক্যে উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=২

(ক) 'শেষের কবিতা' উপন্যাসের কোন্ কবিতাটি রবীন্দ্রনাথ 'নির্ঝরিণী' নামে 'মহুয়া' কাব্যের অন্তর্ভুক্ত করেছিলেন?

(খ) 'শেষের কবিতা' উপন্যাসটি কবে রচিত হয়?

(গ) অমিত কাকে 'ধূমকেতু-মুখো' নাম দিয়েছিল?





৫। সংক্ষেপে উত্তর দাও (যে কোনো একটি) : ৩

(ক) ''অমিত বলে, ফ্যাশনটা হল মুখোশ, স্টাইলটা মুখশ্রী।'' উদ্ধৃতাংশের তাৎপর্য ব্যাখ্যা করো।

(খ) 'শেষের কবিতা' উপন্যাসের নিবারণ চরিত্রটিকে রবীন্দ্রনাথের হাতে রবীন্দ্রনাথেরই প্রতিবাদ বলা যায় কী, সংক্ষেপে লেখো।

৬। উত্তর দাও (যে কোনো একটি) : ১০

(ক) 'শেষের কবিতা' উপন্যাসের নামকরণের সার্থকতা আলোচনা করো।

(খ) '''শেষের কবিতা' উপন্যাসের অমিত চরিত্রটি নিতান্ত খাপছাড়া বলেই তা উপভোগ্য।'' মন্তব্যটির আলোকে অমিত চরিত্রের স্বরূপ আলোচনা করো।

## তৃতীয় একক

### ( রবীন্দ্রনাথের নাটক )

৭। একবাক্যে উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=২

(ক) কোন্ রঙ্গমঞ্চে অভিনয়ের জন্য 'চিরকুমার সভা' লেখা হয়?

(খ) 'চিরকুমার সভা' কোন্ পত্রিকায় ধারাবাহিকভাবে প্রকাশিত হয়েছিল?

(গ) 'চিরকুমার সভা' রবীন্দ্রনাথের কোন্ উপন্যাসের নাট্যরূপ?

৮। সংক্ষেপে উত্তর দাও (যে কোনো একটি) : ৩

(ক) অবলাকান্ত চরিত্রটি বিশ্লেষণ করো।

(খ) "শৈলভাই, কুমারসম্ভবে পড়েছিস... ?" 'কুমারসম্ভব' কার লেখা? বক্তার এই রকম উক্তির কারণ কী? ১+২=৩

৯। উত্তর দাও (যে কোনো একটি) : ১০

(ক) প্রহসন হিসেবে 'চিরকুমার সভা' নাটকের সার্থকতা আলোচনা করো।

(খ) "'চিরকুমার সভা' নাটকে চিরকুমার থাকার সংকল্প করে সদস্যরা যে সভা প্রতিষ্ঠিত করেছিল সেই সভাকেই তারা শেষমেষ প্রজাপতির মন্দির বানিয়ে ফেলে।" নাটক অবলম্বনে বক্তব্যটি পরিস্ফুট করো।

## চতুর্থ একক

### ( রবীন্দ্রনাথের প্রবন্ধ )

১০। একবাক্যে উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=২

(ক) 'নকলের নাকাল' প্রবন্ধটি কত বঙ্গাব্দে লেখা হয়েছিল?

(খ) "ভূমৈব সুখং নাল্পে সুখমস্তি।" কোন্ ধর্মগ্রন্থ থেকে 'মনুষ্যত্ব' প্রবন্ধে গৃহীত?

(গ) 'সাহিত্যের মূল্য' প্রবন্ধটি কোন্ পত্রিকায় প্রথম প্রকাশিত হয়েছিল?





১১। সংক্ষেপে উত্তর দাও (যে কোনো একটি) : ৩

(ক) 'নকলের নাকাল' প্রবন্ধে বাঙালিদের পোশাক পরিধানে বিদেশিদের অনুকরণের যে কঠোর সমালোচনা করা হয়েছে তা সংক্ষেপে লেখো।

(খ) "মানুষের প্রকৃত পরিচয় তার মনুষ্যত্বে।" উক্তিটির যাথার্থ্য 'মনুষ্যত্ব' প্রবন্ধ অবলম্বনে তুলে ধরো।

১২। উত্তর দাও (যে কোনো একটি) : ১০

(ক) 'ভারতবর্ষের ইতিহাস' প্রবন্ধে রবীন্দ্রনাথ ভারতবর্ষের প্রচলিত ইতিহাসের যে সমালোচনা করেছেন তা নিজের ভাষায় আলোচনা করো।

(খ) 'সভ্যতার সংকট' প্রবন্ধে রবীন্দ্রনাথ তাঁর সভ্যতা-সম্পর্কিত চিন্তনে সংকট থেকে উত্তরণের যে দিশা দেখিয়েছেন তা বিস্তারিত আলোচনা করো।

★★★